দৈনিক
ইনকিলাব

05 MAR 2008

# আলোকিত সমাজ গঠনে মাদরাসা শিক্ষার বিকল্প নেই

## -আল্লামা আজিজুল হক আল কাদেরী

# ইসলামী শিক্ষা সুনাগরিক তৈরী করছে

## -এ এম এম বাহাউদ্দীন

চট্টগ্রাম ব্যুরো ঃ আজিজিয়া কাজেমী কমপ্লেক্স (ট্রাস্ট) বাংলাদেশ কর্তৃক পরিচালিত দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান চট্টগ্রামের হাটহাজারীর ঐতিহ্যবাহী ছিপাতলী জামেয়া গাউছিয়া মুঈনীয়া কামিল (এমএ) মাদরাসার ৩৫তম সালানা জলসা বর্ণাঢ্য আয়োজনে সম্পন্ন হয়েছে।

এতে সভাপতির বক্তব্যে মাদরাসার প্রতিষ্ঠাতা প্রখ্যাত আলেমেদ্বীন আল্লামা মুহাম্মদ আজিজুল হক আল কাদেরী (মা.জি.আ) বলেছেন, ছিপাতলী আলীয়া মাদরাসা ইসলামী শিক্ষা বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আলোকিত সমাজ গঠনে ইসলামী শিক্ষা তথা মাদরাসা শিক্ষার কোন বিকল্প নেই।

প্রধান অতিথির বক্তব্যে দৈনিক ইনকিলাব সম্পাদক ও বাংলাদেশ জমিয়তুল মোদার্রেছীনের সভাপতি আলহাজ এ এম এম বাহাউদ্দীন বলেন, ইসলাম এদেশের স্বাধীনতা সার্বভৌমত্ব ও জাতীয় অখণ্ডতার মূল চালিকাশক্তি। মাদরাসার শিক্ষাই সত্যিকারের নায়েবে রাসূল (সা:) তথা সুনাগরিক তৈরী করে চলেছে।

মাদরাসা ময়দানে সোমবার দিনব্যাপী আয়োজিত বর্ণাঢ্য সালানা জলসায় বুদ্ধিজীবী, শিক্ষাবিদ, পীর-মাশায়েখ ও আলেম-ওলামাগণ বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন। গভীর রাতে আখেরী মোনাজাতের মাধ্যমে সভা শেষ হয়। এ উপলক্ষে কর্মসূচীর মধ্যে ছিল খতমে কোরআন, খতমে বুখারী, খতমে কাউছার, খতমে গাউছিয়া আলীয়া দরূদে তুনাজ্জিনা ও ক্বাছিদায়ে বুরদাহসহ কয়েকটি বরকতময় খতম শরীফ, শ্রেণী ও বিষয়ভিত্তিক সাধারণ জ্ঞান প্রতিযোগিতা, কৃতী ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ ও দস্তারবন্দি।

বার্ষিক এ মাহফিলকে ঘিরে গোটা এলাকায় উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। মাদরাসার ছাত্র-শিক্ষক, অভিভাবকসহ সাবেক ছাত্র এবং হুজুর কেবলা আল্লামা কাদেরীর অগণিত ভক্তবৃন্দ এতে যোগ দেন।

প্রধান অতিথি দৈনিক ইনকিলাব সম্পাদক এ দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নত শিক্ষা ব্যবস্থায় সন্তোষ প্রকাশ করে এর প্রতিষ্ঠাতা হুজুর কেবলা আল্লামা কাদেরীসহ সকলের প্রতি আন্তরিক মোবারকবাদ জানান। তিনি বলেন, এদেশের ধর্মপ্রাণ দ্বীনদার ও দানশীল ব্যক্তিদের উদ্যোগেই অগণিত মাদরাসা গড়ে উঠেছে। এসব মাদরাসা ইসলামের শিক্ষা প্রচার ও প্রসারে একই সাথে আলোকিত মানুষ তৈরী করে যাচ্ছে। ইসলামী মূল্যবোধ রক্ষায় আলেমরাই অগ্রণী ভূমিকা পালন করছে। নৈতিক অবক্ষয়ের এ যুগে আমাদের সমাজে এখনও যে মূল্যবোধ আছে তা এদেশের আলেম সমাজের অবদান।

অন্যান্য বক্তাগণ দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠায় আল্লামা আজিজুল হক আল কাদেরীর প্রশংসা করে বলেন, তিনি কোরআন-হাদিস তথা দ্বীনি শিক্ষা বিস্তারের লক্ষ্যে মাদরাসা প্রতিষ্ঠার পাশাপাশি তাঁর ক্ষুরধার লিখনের মাধ্যমে ত্বরিকতের দীক্ষা দিয়ে চলেছেন। এর মাধ্যমে দিকভ্রান্তরা সঠিক দিক-নির্দেশনা পাচ্ছেন। প্রতিবছর দু'দিনব্যাপী ইমামুল আউলিয়া গাউছুল আজম কনফারেন্স, খাজা গরীবে নেওয়াজ কনফারেন্স ও ৯ রবিউল আওয়াল চট্টগ্রামে জশনে জুলুছে ঈদ-এ মিলাদুন্নবী (স.) উদযাপন করে সুন্নীয়তের ঐক্যের ভীত মজবুত করছেন। এর মাধ্যমে তিনি সত্যের দিকে আহবান করে সত্যিকারের ওয়ারাছাতুল আম্বিয়ার দায়িত্ব পালন করছেন।

সালানা জলসায় সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন দৈনিক ইনকিলাবের নির্বাহী সম্পাদক, জমিয়তুল মোদার্রেছীনের সিনিয়র সহ-সভাপতি আলহাজ্ব মাওলানা কবি রুহুল আমীন খান, প্রিন্সিপাল আল্লামা সৈয়দ নুরুল মোনাওয়ার, প্রিন্সিপাল আল্লামা সাখাওয়াত হোসাইন, শাহজাদা মাওলানা আমিনুল হক আলকাদেরী, শাহজাদা আলহাজ্ব মাওলানা মুহাম্মদ বেলায়েত আলী খান, বিভাগীয় ভূমি উপ-কমিশনার মুহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, হাফেজ ক্বারী আবদুর রহমান আল কাদরী, ড. এ কে এম মাহবুবুর রহমান, ড. এম এ অদুদ, এডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরী, অধ্যক্ষ আল্লামা জাফর আহমদ বদরী, প্রিন্সিপাল আল্লামা আবদুর রহীম আল কাদেরী, আল্লামা সৈয়দ মুহাম্মদ জালাল উদ্দীন, হাটহাজারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এম আলমগীর বিক্রম, প্রিন্সিপাল আল্লামা সিরাজুল হক, প্রিন্সিপাল আল্লামা তাজ উদ্দীন আহমেদ, প্রিন্সিপাল আল্লামা এস এম ফরিদ। স্বাগত বক্তব্য রাখেন মাদরাসার অধ্যক্ষ শাহজাদা আল্লামা আবুল ফরাহ মোঃ ফরিদ উদ্দীন।

এতে আরো বক্তব্য রাখেন প্রিন্সিপাল আল্লামা আনোয়ারুল ইসলাম, আল্লামা কাজী মোঃ ছালেকুর রহমান আল কাদেরী, আল্লামা হাফেজ সোলাইমান আনছারী, আল্লামা মুফতী আবদুল ওয়াজেদ, প্রিন্সিপাল আল্লামা সোলাইমান ছিদ্দিকী, প্রিন্সিপাল আল্লামা আবদুল অদুদ আল কাদেরী, আল্লামা মোহাম্মদ শফিউল আলম নেজামী, শাহজাদা মাওলানা মোজাম্মেল হক, আল্লামা মোঃ নুরুন নবী, উপাধ্যক্ষ মাওলানা হেলাল উদ্দীন, আল্লামা আলহাজ জামাল উদ্দীন হোসাইনী, উপাধ্যক্ষ হাফেজ আবদুল ওহাব, মাওলানা আহমদুল হক, হাফেজ মোঃ শাহ আলম নঈমী, মাওলানা আলহাজ্ব ইয়াছিন আনছারী, মাওলানা হাফেজ আজিজুর রহমান, মাওলানা সৈয়দ নুর সাঈদী, সৈয়দ মুহাম্মদ মুজাহিদ, আলহাজ এ এফ মুহাম্মদুর রহমান, মাওলানা শাহ আলম, মাওলানা সৈয়দ নজরুল ইসলামসহ বিভিন্ন মাদরাসার আলেম-ওলামা, মাদরাসা পরিচালনা পরিষদের সদস্যবৃন্দ। জলসা পরিচালনা করেন মাদরাসার উপাধ্যক্ষ আল্লামা আবদুল অদুদ, মাওলানা শহিদুল হক হোসাইনী ও মাওলানা শফিউল আলম আজিজি